# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৭২৭

পর্ব - ৬ঃ হাজ্জ (হজ্জ/হজ) প্রসঙ্গ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ৩. ইহরামের প্রকারভেদ ও তার গুণ পরিচয়

আরবী

عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: خَرَجْنَا مَعَ النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ عَامَ حَجَّةِ الْوَدَاعِ, فَمِنَّا مَنْ أَهَلَّ بِعُمْرَةٍ, وَمِنَّا مَنْ أَهَلَّ بِحَجٍّ وَعُمْرَةٍ, وَمِنَّا مَنْ أَهَلَّ بِحَجٍّ, وَأَهَلَّ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ بِالْحَجِّ, فَأَمَّا مَنْ أَهَلَّ بِعُمْرَةٍ فَحَلَّ, وَأَمَّا مَنْ أَهَلَّ بِحَجٍّ, أَوْ جَمَعَ الْحَجَّ وَالْعُمْرَةَ فَلَمْ يَحِلُّوا حَتَّى كَانَ يَوْمَ النَّحْرِ. مُتَّفَقٌ عَلَيْهِ

صحيح. رواه البخاري (1562)، ومسلم (1211) (118) واللفظ لمسلم

বাংলা

৭২৭. ’আয়িশা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, হাজ্জাতুল বিদার বছর আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে বের হই। আমাদের মধ্যে কেউ কেবল ’উমরাহ’র ইহরাম বাঁধলেন, আর কেউ হাজ্জ ও ’উমরাহ উভয়টির ইহরাম বাঁধলেন। আর কেউ শুধু হাজ্জ-এর ইহরাম বাঁধলেন এবং আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শুধু হাজ্জের জন্য ইহরাম বাঁধলেন। ফলে যারা কেবল ’উমরাহর জন্য ইহরাম বেঁধেছিলেন তারা (’উমরাহ সমাধা করে) হালাল হলেন আর যাঁরা হাজ্জ বা হাজ্জ ও উমরাহ উভয়ের জন্য ইহরাম বেঁধেছিলেন তারা কুরবানীর দিন না আসা পর্যন্ত হালাল হতে পারলেন না।[1]

## English

A’isha (RAA) narrated, ‘We left Madinah with the Messenger of Allah (ﷺ) to perform the Farewell Hajj. Some of us declared Ihram to perform 'Umrah, while others declared their intentions to perform both Hajj and 'Umrah. Yet others declared their Ihram to perform Hajj only. The Prophet (ﷺ) declared

Ihram for Hajj only. Those who intended 'Umrah terminated their Ihram as soon as they finished the rituals of 'Umrah. Those who intended to perform Hajj only or to combine Hajj with 'Umrah, did not terminate their Ihram until the Day of Slaughtering (i.e. the day of sacrifice or 'Idul Ad-ha).' Agreed upon.

## ফুটনোট

[1] বুখারী ২৯৪, ৩০৫, ৩১৬, ১৫১৮, ১৫৫৬, ১৫৬২, মুসলিম ১২১১, তিরমিযী ৯৩৪, ৯৪৫, নাসায়ী ২৯০, ২৪৮, আবূ দাউদ ১৭৮২, ১৯৯৫, ইবনু মাজাহ ২৯৬৩, ২৯৯৯, আহমাদ ২৩৫৮১, ২৩৬৩৯, ১৮৬২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70538

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন